

যুগান্তর

লক্ষ্মীপুরে শিক্ষকের বেত্রাঘাতে মাদ্রাসাছাত্র হাসপাতালে

প্রকাশ : ২২ অক্টোবর ২০১৯, ০০:০০ | প্রিন্ট সংস্করণ



লক্ষ্মীপুর প্রতিনিধি

লক্ষ্মীপুরে মাদ্রাসা শিক্ষকের বেত্রাঘাতে গুরুতর আহত মো. মাছুম নামে এক শিশু ছাত্রকে হাসপাতালে ভর্তি করা হয়েছে। শিশুটির পিঠসহ শরীরের বিভিন্ন অংশে জখমের চিহ্ন রয়েছে। অভিযুক্ত শিক্ষকের নাম মোবারক করিম। ঘটনার পর থেকেই তিনি আত্মগোপনে রয়েছেন। সোমবার দুপুরে দক্ষিণ মজুপুর মদিনাতুল উলুম নূরানী হাফিজিয়া মাদ্রাসা থেকে স্বজনরা ওই ছাত্রকে উদ্ধার করে সদর হাসপাতালে ভর্তি করেছে। মাছুম সদর উপজেলার দিঘলী ইউনিয়নের দিঘলী গ্রামের মো. আবদুল হাইয়ের ছেলে ও ওই মাদ্রাসার হেফজ বিভাগের ছাত্র। আহত ছাত্রের বাবা আবদুল হাই জানান, মাছুম মাদ্রাসার আবাসিকে থেকে পড়ালেখা করছে। কয়েক মাস ধরে সে অসুস্থ রয়েছে। তবুও সে পড়ালেখার জন্য মাদ্রাসায় অবস্থান করেছে। বাড়িতে যেতে বললেও যায়নি। অসুস্থতার কারণে সোমবার ভোরে নিয়মিত প্রাতঃছবকে সে অংশ নিতে পারেনি। কিন্তু শিক্ষক মোবারক এটি মেনে নিতে পারেননি। তিনি ক্ষিপ্ত হয়ে মাছুমকে এলোপাতাড়ি বেত্রাঘাত করেন। এতে মাছুমের পিঠসহ শরীরের বিভিন্ন অংশে জখম হয়।

ভারপ্রাপ্ত সম্পাদক : সাইফুল আলম, প্রকাশক : সালমা ইসলাম

প্রকাশক কর্তৃক ক-২৪৪ প্রগতি সরণি, কুড়িল (বিশ্বরোড), বারিধারা, ঢাকা-১২২৯ থেকে প্রকাশিত এবং যমুনা প্রিন্টিং এন্ড পাবলিশিং লিঃ থেকে মুদ্রিত।

পিএবিএক্স : ৯৮২৪০৫৪-৬১, রিপোর্টিং : ৯৮২৪০৭৩, বিজ্ঞাপন : ৯৮২৪০৬২, ফ্যাক্স : ৯৮২৪০৬৩, সার্কুলেশন : ৯৮২৪০৭২।
ফ্যাক্স : ৯৮২৪০৬৬

E-mail: jugantor.mail@gmail.com

© সর্বস্বত্ত্ব স্বত্বাধিকার সংরক্ষিত ২০০০-২০১৯ | এই ওয়েবসাইটের কোনো লেখা, ছবি, অডিও, ভিডিও অনুমতি ছাড়া ব্যবহার বেআইনি।